রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**সোমবার, সেপ্টেম্বর ১৭, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**জাতীয় রাজস্ব বোর্ড**
[ ভ্যাট বিভাগ ]

**আদেশ**

তারিখ : ২৭ ভাদ্র ১৪২৫ বঙ্গাব্দ/১১ সেপ্টেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ১৪/মূসক/২০১৮**—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৩১, মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ২২ এর উপ-বিধি (৩) এবং ৩৮ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড যেই সকল মূসক নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য প্রতিষ্ঠানের সর্বশেষ পূর্ববর্তী আর্থিক বৎসরে মোট বিক্রয় বা টার্নওভার ৫ (পাঁচ) কোটি টাকা বা তাহার অধিক, সেই সকল প্রতিষ্ঠানের ক্ষেত্রে বাধ্যতামূলকভাবে মূল্য সংযোজন কর সংক্রান্ত দলিলাদি ও হিসাবপত্র জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত মূসক সফটওয়্যারের মাধ্যমে সংরক্ষণের এবং প্রযোজ্য ক্ষেত্রে মূল্য সংযোজন কর কার্যালয়ে বা জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নিয়ন্ত্রিত কম্পিউটার সিস্টেমে প্রেরণের লক্ষ্যে নিম্নরূপ আদেশ প্রদান করিল।

০২। এই আদেশ অনুযায়ী যেই সকল বাণিজ্যিক প্রতিষ্ঠানের দলিলাদি ও হিসাবপত্র নির্ধারিত সফটওয়্যারের মাধ্যমে সংরক্ষণের বাধ্যবাধকতা আরোপিত হইয়াছে, সেই সকল প্রতিষ্ঠান উল্লিখিত উদ্দেশ্যপূরণের লক্ষ্যে কেবল জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক পরীক্ষিত ও অনুমোদিত যে কোন সফটওয়্যার নির্মাণকারী ও সরবরাহকারী প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট সফটওয়্যার সংগ্রহণপূর্বক ব্যবহার করিবে।

০৩। এই আদেশ অনুযায়ী যেই সকল বাণিজ্যিক প্রতিষ্ঠানের দলিলাদি ও হিসাবপত্র নির্ধারিত সফটওয়্যারের মাধ্যমে সংরক্ষণের বাধ্যবাধকতা নেই কিন্তু মূসক সংশ্লিষ্ট হিসাবপত্র সফটওয়্যারের মাধ্যমে সংরক্ষণ করিতে ইচ্ছুক, তাহারাও জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে প্রকাশিত সফটওয়্যারের তালিকা হইতে যে কোন সফটওয়্যার সংগ্রহ করিয়া ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করিতে পারিবে। নিম্নে সফটওয়্যার নির্মাণকারী প্রতিষ্ঠানের তালিকাভুক্তির জন্য প্রয়োজনীয় বৈশিষ্ট্যসমূহ উল্লেখ করা হইল—

(ক) সফটওয়্যার নির্মাণকারী প্রতিষ্ঠানের তালিকাভুক্তির জন্য প্রয়োজনীয় বৈশিষ্ট্য :

(১) প্রতিষ্ঠানকে রেজিষ্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিজ এন্ড ফার্মস এর দপ্তর হইতে প্রাইভেট/পাবলিক লিমিটেড কোম্পানি হিসাবে নিবন্ধিত হইতে হইবে;

(২) সফটওয়্যার নির্মাতা প্রতিষ্ঠান হিসাবে ন্যূনতম ৫ (পাঁচ) বছর নিরবচ্ছিন্নভাবে কার্যক্রম পরিচালনা এবং বিক্রয়োত্তর সেবা প্রদান করিবার অভিজ্ঞতা থাকিতে হইবে;

(৩) প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ সংক্রান্ত বা কমিটির বিবেচনায় সমমানের সফটওয়্যার নির্মাণ এবং কমপক্ষে তিনটি মধ্যম বা বৃহৎ প্রতিষ্ঠানে তাহা সফলভাবে স্থাপন করিবার অভিজ্ঞতা থাকিতে হইবে। মধ্যম বা বৃহৎ প্রতিষ্ঠান বলিতে সরকারি, আধাসরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, এনজিও, ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান, লিমিটেড কোম্পানি এবং মাধ্যমিকোত্তর শিক্ষা প্রতিষ্ঠান বৃহৎ করদাতা ইউনিট (মূসক) এর আওতাভুক্ত প্রতিষ্ঠানকে বুঝাইবে; এবং

(৪) জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক সফটওয়্যারটি অনুমোদন প্রদানের পূর্বে বোর্ডের চাহিদা অনুযায়ী তাহা উপযুক্ত ও কার্যকর কিনা সেই বিষয়ে সরেজমিনে পরীক্ষাপূর্বক নিশ্চিত হওয়ার ব্যবস্থাদি আবেদনকারী কোম্পানির পক্ষ থেকে সম্পন্ন করিতে হইবে।

(খ) সফটওয়্যার এর প্রয়োজনীয় বৈশিষ্ট্য :

(১) নির্মিত সফটওয়্যারটি মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এবং তদধীন প্রণীত বিধিমালা, প্রজ্ঞাপন ও আদেশ পরিপালনে সক্ষমতা সম্পন্ন হইতে হইবে;

(২) সফটওয়্যারটিতে যাবতীয় বাণিজ্যিক কার্যক্রম সংশ্লিষ্ট তথ্যাদি রেকর্ডপূর্বক মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এবং তদধীন প্রণীত অন্যান্য বিধানাবলীর আওতায় পূর্ণাঙ্গ অটোমেশনের সুবিধা সম্বলিত ব্যবস্থা সন্নিবেশিত থাকিতে হইবে;

(৩) সফটওয়্যারটিতে ক্রয় হিসাব রেজিস্টার ও বিক্রয় চালানপত্রে কোন তথ্য এন্ট্রি দেয়ার সাথে সাথে তা স্বয়ংক্রিয়ভাবে বিক্রয় হিসাব, চলতি হিসাব রেজিস্টার এবং দাখিলপত্রে আপডেট হইতে হইবে;

(৪) সফটওয়্যারটিতে আদর্শ হার বা ট্যারিফ মূল্য বা সংকুচিত ভিত্তিমূল্যে সরবরাহ করিবার সুবিধা সৃষ্টিসহ উৎসে মূসক আদায়/কর্তন, অপচয় ও উপজাত পণ্য ব্যবস্থাপনা, ডেবিট নোট ও ক্রেডিট নোটের ব্যবস্থাপনা, চুক্তিভিত্তিক উৎপাদন, উপকরণ কর রেয়াত ব্যবস্থাপনা ও মূল্য ঘোষণা ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়ভাবে সম্পন্ন করিবার সুবিধা থাকিতে হইবে;

(৫) মূল্য ঘোষণায় বর্ণিত সহগ এর ভিত্তিতে উৎপাদিত পণ্য, ব্যবহৃত উপকরণ ও বিক্রয় এর বিপরীতে প্রকৃত উপকরণ ও উৎপাদিত পণ্যের স্থিতির একটি তুলনামূলক প্রতিবেদন (reconciliation report) প্রতি কর-মেয়াদ শেষে স্বয়ংক্রিয়ভাবে প্রণীত হইতে হইবে, যাহাতে মূল্য ঘোষণায় বর্ণিত সহগে কোন অসংগতি থাকিলে তাহা তাৎক্ষণিকভাবে চিহ্নিত করা সম্ভব হয়;

(৬) মাসিক দাখিলপত্রসহ অন্যান্য রেজিস্টারাদি (ক্রয় হিসাব, বিক্রয় হিসাব, চলতি হিসাব) এবং রিপোর্ট অটোমেটেড সিস্টেম থেকে প্রস্তুত ও প্রিন্ট করার সুবিধা থাকিতে হইবে;

(৭) সফটওয়্যারে শুধুমাত্র একবার মূল মূসক চালানপত্র প্রিন্ট করা যাইবে। সফটওয়্যারটিতে যেন একটি চালানপত্র দ্বিতীয়বার বা পরবর্তী সময়ে ইস্যু করা না যায় তেমন ব্যবস্থা থাকিতে হইবে; তবে প্রয়োজনে অনুলিপি প্রিন্ট করা যাইবে যাহাতে "অনুলিপি" বা "Copy" জলছাপে বড় অক্ষরে প্রিন্ট করা থাকিবে। এ সংক্রান্ত যে কোন পরিবর্তনের প্রমাণ সফটওয়্যারে সংরক্ষিত থাকিতে হইবে;

(৮) মূসক চালানপত্রে সময় ও তারিখ স্বয়ংক্রিয়ভাবে প্রিন্ট করিতে হইবে, যা কেবলমাত্র যখনই প্রিন্ট করা হইবে সেই সময় ও তারিখ (System BIOS অনুযায়ী) প্রদর্শন করিবে;

(৯) প্রতিদিনের কার্যক্রম শেষে সেই দিনের কম্পিউটার জেনারেটেড রিপোর্ট ও বিধি মোতাবেক হিসাবরক্ষণ সংক্রান্ত সকল বাণিজ্যিক দলিলাদি, যেমন : চালানপত্র, ডেবিট বা ক্রেডিট নোট, ক্রয় রেজিস্টার, বিক্রয় রেজিস্টার, চলতি হিসাব, দাখিলপত্র ইত্যাদি, প্রিন্ট করিয়া (যাহাতে প্রিন্ট করার তারিখ ও সময় স্বয়ংক্রিয়ভাবে যথাযথভাবে মুদ্রিত হইতে হইবে) প্রতিষ্ঠানের দায়িত্বশীল কর্মকর্তা কর্তৃক স্বাক্ষর করিয়া সংরক্ষণ করিতে হইবে;

(১০) প্রতি করমেয়াদ শেষে উপযুক্ত কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত এই সকল হিসাবরক্ষণ সংক্রান্ত সকল বাণিজ্যিক দলিলাদির হার্ডকপি স্থায়ীভাবে বাঁধাই করিয়া রাখিতে হইবে এবং অন্যুন ছয় বৎসর পর্যন্ত তাহা সংরক্ষণ করিতে হইবে। মূসক কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী যে কোন তথ্য (সফটকপি/হার্ডকপি) যুক্তিসংগত সময়ের মধ্যে সরবরাহ করিতে হইবে;

(১১) মূল্য সংযোজন কর বিধিমালার নির্ধারিত ছকের তথ্য ক্ষুন্ন না করিয়া নিবন্ধিত প্রতিষ্ঠান তাহার প্রয়োজন অনুযায়ী অতিরিক্ত তথ্যসহ মূসক চালানপত্র এবং অন্যান্য বাণিজ্যিক দলিলাদি/রেজিস্টার তৈরি ও সংরক্ষণ করিতে পারিবে;

(১২) সফওয়্যারটিতে জাতীয় রাজস্ব বোর্ডের সংশ্লিষ্ট মূসক কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী নিরীক্ষা কার্যক্রম পরিচালনার জন্য অ্যাকসেস (Access) সুবিধা থাকিতে হইবে;

(১৩) সিস্টেমে মূসক চালানপত্রের সাথে পণ্য ভান্ডার (স্টক) ইন্টিগ্রেটেড থাকিতে হইবে, যেন সিস্টেমে মূসক চালানপত্র ইস্যু করা হইলে বিক্রয় রেজিস্টারের সংশ্লিষ্ট কলামে অভিন্ন সমন্বয় স্বয়ংক্রিয়ভাবে সম্পাদিত হয় এবং স্টকের পরিমাণে ম্যানুয়ালি কোনো প্রকার পরিবর্তন করা সম্ভব না হয়;

(১৪) বিক্রিত পণ্য ফেরত বা ক্রয়াদেশ বাতিলের ক্ষেত্রে ডেবিট বা ক্রেডিট নোটের মাধ্যমে তাহা সমন্বয় করিতে হইবে যাহা স্বয়ংক্রিয়ভাবে বিক্রয় এবং চলতি হিসাব রেজিস্টারে প্রতিফলিত হইবে;

(১৫) জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা ও চাহিদা মোতাবেক বোর্ডের অন্যান্য সফটওয়্যার বা উপাত্ত ভান্ডার বা অন্য কোনো প্রতিষ্ঠানের সাথে তথ্য ও উপাত্ত বিনিময়ের সুবিধা থাকিতে হইবে;

(১৬) নিবন্ধিত প্রতিষ্ঠানের ব্যবসায়িক প্রাঙ্গনে সকল তথ্যসহ সিস্টেম পরিচালনা করিতে হইবে। Cloud Server ব্যবহার করা হইলে Database replica নিবন্ধিত প্রতিষ্ঠানের প্রাঙ্গানে সংরক্ষণ করিতে হইবে;

(১৭) ইস্যুকৃত মূসক চালান কোনো কারণে বিনষ্ট হইলে বা তাহা বাতিল করিবার প্রয়োজন হইলে তাহা edit ও re-print করিবার সুযোগ থাকিবে না। সেইক্ষেত্রে ডেবিট নোট/ক্রেডিট নোট ব্যবহার করিয়া চালানপত্র বাতিল করিতে হইবে এবং পুনরায় ধারাবাহিক ক্রমিক নম্বর ব্যবহার করিয়া চালনপত্র ইস্যু করিতে হইবে, এবং অন্যান্য মূসক রেজিস্টারের সাথে তাহার link থাকিতে হইবে। উপরন্তু, চালানপত্র বাতিলের সুনির্দিষ্ট কারণ ডাটাবেইজের লগ রিপোর্টে সংরক্ষণ করিতে হইবে, যাহা প্রতি কর মেয়াদ শেষে detail report আকারে প্রণীত হইবে;

(১৮) আইনানুগভাবে ক্ষমতাপ্রাপ্ত যেকোনো মূসক কর্মকর্তা সিস্টেমে প্রবেশ করিয়া প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষা করিতে পারিবেন;

(১৯) Oracle, DB2, SQL ইত্যাদির যে কোনোটিকে database backend হিসাবে ব্যবহার করা যাইবে। তবে যে database ব্যবহার করা হউক না কেন এতে audit trail থাকিতে হইবে। Table এর কোনো record edit/delete করা হইলে audit trail log file এ স্বয়ংক্রিয়ভাবে প্রকৃত সময় উল্লেখসহ তথ্য সংরক্ষণ করিবার ব্যবস্থা থাকিতে হইবে;

(২০) দাখিলপত্র এবং অন্যান্য প্রয়োজনীয় ম্যানেজমেন্ট রিপোর্ট স্বয়ংক্রিয়ভাবে সিস্টেমে থেকে প্রস্তুত করিবার ব্যবস্থা থাকিতে হইবে এবং দাখিলপত্রসহ বিভিন্ন আবেদন/তথ্যাদি (যেমনঃ মূসক নিবন্ধনের তথ্য পরিবর্তন ইত্যাদি) Integrated VAT Administration System (iVAS) এ জাতীয় রাজস্ব বোর্ডের নির্ধারিত data schema অনুযায়ী আপলোড করিবার ব্যবস্থা থাকিতে হইবে;

(২১) প্রতিদিনের কার্যক্রম শেষে সকল তথ্য ন্যূনতম দুইটি ব্যাক-আপ নেয়ার ব্যবস্থা থাকিতে হইবে। যেকোনো ডেটা হারানোর দায়-দায়িত্ব নিবন্ধিত প্রতিষ্ঠানকে বহন করিতে হইবে। হঠাৎ, বিদ্যুৎ বিচ্ছিন্ন হইলে কোনো ডেটা যেন নষ্ট না হয় সেই বিষয়ে ব্যবস্থাসহ তাৎক্ষণিক ব্যাক-আপ এবং স্থায়ী ব্যাক-আপ এর ব্যবস্থা থাকিতে হইবে;

(২২) সফটওয়্যারটিতে hacking এবং tampering সহ সকল ধরনের ঝুঁকি হইতে সুরক্ষার জন্য পরিপূর্ণ নিরাপত্তার ব্যবস্থা থাকিতে হইবে;

(২৩) সিস্টেমে এর ব্যবহার বিষয়ে এবং মূসক অপারেশন বিষয়ক Detailed and Summary রিপোর্ট প্রণয়নের ব্যবস্থা থাকিতে হইবে;

০৪। মূল্য সংযোজন কর সংশ্লিষ্ট হিসাবপত্র সংরক্ষণ ও চালানপত্র ইস্যুর জন্য উপযুক্ত সফটওয়্যার নির্মাণ সম্পন্ন করিয়াছে কেবলমাত্র এইরূপ সফটওয়্যার কোম্পানি জাতীয় রাজস্ব বোর্ডের অধীনে তালিকাভুক্ত হইবার লক্ষ্যে নিম্নেবর্ণিত কমিটির আহ্বায়ক এর নিকট আবেদন করিবে। আবেদনকারী সফটওয়্যার কোম্পানির যোগ্যতা ও সক্ষমতা এবং তাহাদের নির্মিত মূসক সফটওয়্যারের বৈশিষ্ট্য অনুযায়ী হইতে হইবে।

| ক্রমিক নং | কর্মকর্তার পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট-মূসক, ঢাকা। | আহ্বায়ক |
| ২। | প্রথম সচিব (মূসক বাস্তবায়ন), জাতীয় রাজস্ব বোড, ঢাকা। | সদস্য |
| ৩। | সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোড, ঢাকা। | সদস্য |
| ৪। | বাংলাদেশ এ্যাসোসিয়েশন অফ সফটওয়্যার এন্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস) এর প্রতিনিধি। | সদস্য |
| ৫। | দ্বিতীয় সচিব (মূসক বাস্তবায়ন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। | সদস্য সচিব |

০৫। সফটওয়্যার তালিকাভুক্তি করিবার উদ্দেশ্যে আগ্রহী কোনো বাংলাদেশী সফটওয়্যার নির্মাতা/ব্যবসায়ী প্রতিষ্ঠান হইতে আবেদন প্রাপ্তির পর উক্ত কমিটির আহ্বায়ক কমিটির সভা আহ্বান করিয়া সফটওয়্যারটি পরীক্ষা-নিরীক্ষা করিবেন। কমিটি প্রয়োজন হইলে অন্য কোনো বিশেষজ্ঞের মতামত গ্রহণ করিতে পারিবে। আবেদনকারী প্রতিষ্ঠান কমিটির প্রয়োজন মোতাবেক সার্বিক সহযোগিতা প্রদান করিবেন। কমিটি আবেদন দাখিলের পর সর্বোচ্চ ২১ (একুশ) কার্যদিবসের মধ্যে সফটওয়্যারটি পরীক্ষা-নিরীক্ষাপূর্বক তালিকাভুক্তি বিষয়ে সুপারিশ সম্বলিত একটি প্রতিবেদন সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড বরাবরে উপস্থাপন করিবে। নির্ধারিত সময়ের মধ্যে সুপারিশসহ প্রতিবেদন দাখিল করা সম্ভব না হইলে প্রাথমিক ২১ (একুশ) কার্যদিবস অতিক্রান্ত হওয়ার ০৭ (সাত) দিন পূর্বেই কমিটি সর্বোচ্চ ১৫ (পনের) কার্যদিবস সময় বৃদ্ধি করিবার জন্য চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড বরাবর অনুরোধ করিবে। চেয়ারম্যান স্বীয় বিবেচনায় প্রয়োজনীয় সময় বৃদ্ধি করিতে পারিবেন। দাখিলকৃত প্রতিবেদন মোতাবেক সফটওয়্যারটি বোর্ড কর্তৃক অনুমোদিত হইলে উহা তালিকাভুক্ত করিয়া জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে প্রয়োজনীয় লিংক প্রকাশ করা হইবে।

০৬। সফটওয়্যারে কোনো ত্রুটি-বিচ্যুতির কারণে যদি সাময়িকভাবে সফটওয়্যারটি ব্যবহার করা না যায়, তাহা হইলে ঐ সময়ের জন্য ম্যানুয়াল পদ্ধতিতে হিসাবপত্র সংরক্ষণ করিতে হইবে, সফটওয়্যারটি ত্রুটিমুক্ত হইবার পর ম্যানুয়াল পদ্ধতিতে সংরক্ষিত তথ্যাদি সফটওয়্যারে ধারণ করিতে হইবে এবং এ সংশ্লিষ্ট সকল দলিলপত্রের হার্ডকপি মূল্য সংযোজন কর আইন ১৯৯১ ও মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধানমতে নির্ধারিত অন্যূন ছয় বৎসর সংরক্ষণ করিতে হইবে।

০৭। যেই সকল মুসক নিবন্ধিত প্রতিষ্ঠান ইতোপূর্বে কমিশনার কর্তৃক অনুমোদিত সফটওয়্যার স্থাপন করিয়াছেন, সেই সকল প্রতিষ্ঠানের সফটওয়্যার সরবরাহকারীগণ প্রযোজ্য বৈশিষ্ট্য প্রতিপালনপূর্বক মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ ও মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর সর্বশেষ বিধি-বিধানের সহিত সামঞ্জস্যপূর্ণ ও হালনাগাদ করিয়া আগামী ৩০ সেপ্টেম্বর, ২০১৮ তারিখের মধ্যে তাহাদের নির্মিত সফটওয়্যারসমূহ পরীক্ষা করিবার জন্য কমিটি বরাবরে আবেদন করিবেন। কমিটি স্বীয় বিবেচনায় উপযুক্ত মনে করিলে সংশ্লিষ্ট সফটওয়্যারটিকে অনুচ্ছেদ-৫ এ বর্ণিত পদ্ধতি অনুসরণপূর্বক তালিকাভুক্ত করিবার ব্যবস্থা গ্রহণ করিবে। যেই ক্ষেত্রে কোনো অসম্পূর্ণতা বা সীমাবদ্ধতা পাওয়া যাইবে সেই সকল ক্ষেত্রে আরোও সংস্কারের জন্য সুনির্দিষ্টভাবে সফটওয়্যার সরবরাহকারীকে লিখিতভাবে অবহিত করিবে।

০৮। সফটওয়্যার তালিকাভুক্তি, সফটওয়্যার তালিকাভুক্তির শর্ত, সফটওয়্যার ব্যবহারকারীর করণীয় এবং এই সংক্রান্ত উদ্ভূত যে কোনো বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড প্রয়োজনীয় নির্দেশনা ও ব্যাখ্যা প্রদান করিতে পারিবে।

০৯। নিবন্ধিত প্রতিষ্ঠান কর্তৃক সফটওয়্যারটি স্থাপনের পর কোন সফটওয়্যার সরবরাহকারী প্রতিষ্ঠান হইতে উহা সংগ্রহ করা হইয়াছে এবং ক্ষেত্রমত, ইহাতে কোনো সমস্যার সম্মুখীন হইলে অথবা সফটওয়্যারে কোনোরূপ পরিবর্তনের প্রয়োজন হইলে তাহা এই আদেশে বর্ণিত কমিটির আহ্বায়ককে সফটওয়্যার স্থাপনের ২১ (একুশ) দিনের মধ্যে অবহিত করিতে হইবে। কমিটি সফটওয়্যার সরবরাহকারীর সহিত যোগাযোগ করিয়া এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে।

১০। এই আদেশ অনুযায়ী সংশ্লিষ্ট সকল মূসক নিবন্ধিত/নিবন্ধনযোগ্য প্রতিষ্ঠানসমুহের [বার্ষিক মোট বিক্রয় ৫ (পাঁচ) কোটি টাকা বা উহার অধিক] জন্য জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক তালিকাভুক্ত মূসক সফটওয়্যার আগামী ০১ জানুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখ হইতে ব্যবহার করা বাধ্যতামূলক হইল। যেই সকল প্রতিষ্ঠান এই আদেশ প্রতিপালনে ব্যর্থ হইবে সেই সকল প্রতিষ্ঠানের বিরুদ্ধে সংশ্লিষ্ট কমিশনার কর্তৃক মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৩৭ অনুযায়ী ব্যবস্থা গৃহীত হইবে।

১১। এতদ্দ্বারা জাতীয় রাজস্ব বোর্ডের ইতোপূর্বে জারিকৃত ২৯ জুন, ২০১১ খ্রিস্টাব্দ তারিখের সাধারণ আদেশ নং-৬৪/মূসক/২০১১ বাতিল করা হইল।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে**

**হাছান মুহম্মদ তারেক রিকাবদার**
প্রথম সচিব (মূসক নীতি)।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd